তারিখ : 29 FEB 2016
পৃষ্ঠা : ৭ কলাম : ৬

সংবাদ

আইনের খসড়া অনুমোদন

# ভুয়া ডিগ্রি নিলে ৩ বছরের কারাদন্ড

## নার্সিং ও ধাত্রীবিদ্যায় স্বীকৃতি দেয়া হবে

নিজস্ব বার্তা পরিবেশক

কেউ ভুয়া ডিগ্রি নিলে তার তিন বছরের কারাদণ্ড অথবা এক লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ডের বিধান রেখে 'বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন ২০১৬' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই আইনের অনুমোদন দেয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন।

বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের এ তথ্য জানিয়ে বলেন, 'এই আইন অমান্য করলে সংশ্লিষ্ট ব্যক্তির নিবন্ধন বাতিল হবে। তবে তিনি ইচ্ছে করলে ৩০ দিনের মধ্যে আপিল ভুয়া : পৃষ্ঠা : ১৫ ক : ১

## ভুয়া : ডিগ্রি

(১ম পৃষ্ঠার পর)

করতে পারবেন। এই কাউন্সিলের সদস্য সংখ্যা হবে ২৪ জন, যার প্রধান হবেন স্বাস্থ্য সচিব।

২০১৪ সালের ২৫ আগস্ট মন্ত্রিসভা এই আইনের খসড়ার নীতিগত অনুমোদন দিয়ে কিছু পর্যবেক্ষণ দেয়। নতুন আইনে নার্সিংয়ের সঙ্গে ধাত্রীবিদ্যা (মিডওয়াইফারি) যুক্ত করা হয়েছে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

নার্সিং ও ধাত্রীবিদ্যা যারা শিক্ষা নেবেন এই কাউন্সিল তাদের স্বীকৃতি দেবে জানিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) মতো এটা কাজ করবে। দেশের বাইরে নার্সিং ও ধাত্রীবিদ্যায় যারা সনদ নেবে তাদেরও এই কাউন্সিল স্বীকৃতি দিতে পারবে।

শফিউল আলম আরও জানান, নার্সিং শিক্ষায় ডিপ্লোমাধারী স্নাতকদের স্বীকৃতি, নার্সিংয়ে স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি এবং ধাত্রীবিদ্যার স্বীকৃতিও দেবে এই কাউন্সিল। স্বীকৃত নার্স ও ধাত্রী, তাদের সহযোগীদের নিবন্ধন করতে।

নিবন্ধন ছাড়া নার্সিং বা ধাত্রী বা সহযোগী কাজ নিষিদ্ধ করা হয়েছে জানিয়ে সচিব বলেন, ভুয়া পরিচয় দিয়ে কেউ এ কাজ করতে পারবে না। স্বীকৃতি ছাড়া নিজেকে নার্স, ধাত্রী বা সহযোগী হিসেবে পরিচয় দিলে শাস্তি ভোগ করতে হবে। এক্ষেত্রে তিন বছর কারাদণ্ড, এক লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রয়েছে খসড়া আইনে।

কেউ নীতিমালাবহির্ভূত কাজ করলে নিবন্ধন বাতিল করে নিবন্ধন তালিকা থেকেও তার নাম বাদ দেয়া হবে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব। এছাড়া ভুয়া পদবি ব্যবহার করলে এক বছরের কারাদণ্ড, ৫০ হাজার টাকা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত করা হবে।

এছাড়াও মন্ত্রিসভায় 'বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৬' খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। কোন বিদেশি ইচ্ছে করে বাংলাদেশের আকাশসীমায় ঢুকলে সাত বছরের কারাদণ্ড ও দুই কোটি টাকা জরিমানার বিধান রাখা হয়েছে এই আইনে।

একই সভায় পাবলিক প্রকিউরমেন্ট (চতুর্থ সংশোধন) আইন, ২০১৬ এর খসড়ার অনুমোদন দেয়া হয়েছে।